গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা : ৩৮.০০.০০০০.৩০৬.০৬.০১৭.২২- ৮৬

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

**বিষয়: স্বতন্ত্র যাচাইকারী সংস্থা (Independent Verification Agency-IVA) এর সর্বশেষ অগ্রগতি বিষয়ক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালকগণের সাথে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি: **জনাব মোঃ আতাউর রহমান**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
সভার ধরণ: জুম মিটিং। আইডি নং-4745977368
তারিখ: ২০ জুন ২০২২ খ্রি:
সময়: বিকাল ০৪.০০টা।
সভায় উপস্থিতির তালিকার স্ক্রিনশট সংরক্ষিত আছে।

সভাপতি অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় স্বতন্ত্র যাচাইকারী সংস্থা (Independent Verification Agency-IVA) এর সর্বশেষ অগ্রগতির বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | স্বতন্ত্র যাচাইকারী সংস্থা (Independent Verification Agency-IVA) এর রিপোর্ট দাখিল। | পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন) জানান স্বতন্ত্র যাচাইকারী সংস্থা (Independent Verification Agency-IVA) এর রিপোর্ট দাখিলের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে কোন কোন উপজেলা থেকে প্রেরিত রিপোর্টে কেবলমাত্র সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষর করছেন। কমিটির সভার কোন কার্যবিবরণী সংযুক্ত করছেন না। এছাড়া অধিকাংশ ক্ষেত্রেই রিপোর্টে প্রেরিত 'সংযুক্ত ছক' এ কোন কর্মকর্তার স্বাক্ষর ও সিল প্রদান করা হচ্ছে না। কমিটির সভার কোন কার্যবিবরণী এবং 'সংযুক্ত ছক' এ কর্মকর্তার স্বাক্ষর ও সিল না থাকলে সে রিপোর্ট গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সহকারী পরিচালকগণ জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করে পরিদর্শনকারী কর্মকর্তা যেন শিখনকেন্দ্র পরিদর্শন করে নির্ধারিত ফরমসমূহ যথাযথভাবে পূরণপূর্বক প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর উপজেলা কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা প্রশাসক বরাবর প্রেরণ করছেন কিনা এবং জেলা কমিটির কার্যবিবরণীসহ উক্ত প্রতিবেদন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মহাপরিচালক বরাবর প্রেরণ করছেন কিনা তা নিশ্চিত করবেন১। এক্ষেত্রে ডাটাবেজ এ সংরক্ষিত শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে পর্যালোচনা পূর্বক শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করতে হবে। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল)। |
| ২ | শিক্ষার্থীর তথ্য যাচাই। | +/* কর্মসূচির সকল কেন্দ্রের অন লাইন ডাটাবেজ থেকে প্রাপ্ত শিক্ষার্থীর তালিকা সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালকের কাছে সরবরাহ করা হলেও সেই ডাটাবেজের তথ্যের উপর ভিত্তি করে যাচাই না করে হাতে লিখে শিক্ষার্থীর তথ্য উপস্থাপন করা হচ্ছে। এছাড়া যাচাইকারী যাচিত সকল তথ্য পূরণ করছেন না যেমন | সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক তাদের কাছে প্রেরিত ডাটাবেজ থেকে কেন্দ্রওয়ারী শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট উপজেলা কমিটিকে সরবরাহ করবেন। যাচাইকারী সেই তালিকার কতজন শিক্ষার্থী বর্তমানে শিক্ষার্থী হিসেবে আছে | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পিতার নামের স্থলে মাতার নাম, কোন কোন ক্ষেত্রে তথ্যের ঘরই ফাঁকা রাখা হচ্ছে। | এবং কতজনকে নতুন শিক্ষার্থী হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উল্লেখ করবেন। | |
| ৩ | শিক্ষার্থী তালিকা হালনাগাদ করণ। | Independent Verification Agency-IVA'র রিপোর্ট প্রাপ্তির পর অনলাইন ডাটাবেজে শিক্ষার্থীর তথ্য হালনাগাদ করার জন্য IVA থেকে প্রাপ্ত তালিকা অনুযায়ী নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দিতে হবে। | IVA'র রিপোর্ট প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালকগণ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সিস্টেম এনালিস্টের সাথে যোগাযোগ করে এ সংক্রান্ত আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহ করে তথ্য আপডেট করবেন। | সিস্টেম এনালিস্ট, উশিব্যু/সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল)। |

আর কোন আলচেনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৫/২২

(মোঃ আতাউর রহমান)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ০২-২২২২৮৭৮৯৫

বিতরণ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং/বাস্তবায়ন ও প্রশিক্ষণ/অর্থ ও প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৫. সহকারী পরিচালক ........................... উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল), ঢাকা।
৬. সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ...................... (সকল)।
৭. অফিস কপি।